



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৮.০৫.২০১৭ খ্রি:

ইমানুয়েল ম্যাক্রো ফ্রান্সের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় ববি উপাচার্যের অভিনন্দন

ফ্রান্সের প্রেসিডেন্ট নির্বাচনে ইমানুয়েল ম্যাক্রো নির্বাচিত হওয়ায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় নবনির্বাচিত প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোর নেতৃত্বে ফ্রান্স তথা ইউরোপীয় ইউনিয়ন একটি প্রগতিশীল ও অসাম্প্রদায়িক আদর্শে পরিচালিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি ইমানুয়েল ম্যাক্রোর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। উল্লেখ্য উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ফ্রান্সের ইউনিভার্সিটি অব ন্যাঙ্গি হতে Doctor of Engg. এবং Post-doctoral fellow অর্জন করেন। এর বাইরে তিনি বিভিন্ন সময়ে প্রশিক্ষণ গ্রহণ, সেমিনার এবং সিম্পোজিয়ামে যোগদানের জন্য একাধিকবার ফ্রান্স গমন করেন। এছাড়াও প্রফেসর ড. এস এম ইমামুল হক ঢাকা বিশ্ববিদ্যালয়ের মডার্ন ল্যাঙ্গোয়েজ সেন্টারে শিক্ষার্থীদের ‘ফ্রেন্স ল্যাঙ্গোয়েজ’ এর উপর পাঠদান করান।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
(b.university.pro@gmail.com)